# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৫৭

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫৭. স্ত্রীলোকের ব্যবহারের পর উদ্বৃত্ত পানি দ্বারা ওযু করা

بَابُ الْوُضُوءِ بِفَضْلِ وَضُوءِ الْمَرْأَةِ

আরবী

أَخْبَرَنَا يَحْيَى بْنُ حَسَّانَ حَدَّثَنَا يَزِيدُ بْنُ عَطَاءٍ عَنْ سِمَاكٍ عَنْ عِكْرِمَةَ عَنْ ابْنِ عَبَّاسٍ قَالَ قَامَتْ امْرَأَةٌ مِنْ نِسَاءِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَاغْتَسَلَتْ فِي جَفْنَةٍ مِنْ جَنَابَةٍ فَقَامَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى فَضْلِهَا يَسْتَحِمُّ فَقَالَتْ إِنِّي قَدْ اغْتَسَلْتُ فِيهِ قَبْلَكَ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّهُ لَيْسَ عَلَى الْمَاءِ جَنَابَةٌ

الحديث صحيح بشواهده

বাংলা

৭৫৭. ইবনু আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা হতে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কোনো একজন স্ত্রী দাঁড়িয়ে পাত্রের পানি দিয়ে জানাবাতের গোসল করলেন। তারপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দাঁড়িয়ে এর উদ্বৃত্ত পানি দিয়ে গোসল করলেন। তখন সে বললো: আমি তো আপনার পূর্বে এ পানিতে গোসল করেছি?' তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: "পানির কোনো অপবিত্রতা নেই।"[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: ইকরিমা হতে সামাকের বর্ণনায় 'ইযতিরাব' বা বিক্ষিপ্ততা রয়েছে। তবে কয়েকটি শাহিদ হাদীস থাকার কারণে হাদীসটি সহীহ।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ করেছি মুসনাদুল মাউসিলী নং ২৪১১ ও সহীহ ইবনু হিব্বান নং ১২৪১, ১২৪২, ১২৬৯ এবং মাওয়ারিদুয যাম'আন নং ১১৬, ২২৬ এ। ((আবু দাউদ ৬৮; তিরমিযী ৬৫; ইবনু মাজাহ ৩৭০; বাইহাকী ১/১৮৯; তাবারী, তাহযীবুল আছার ২/৬৯২ নং ২৯-৩০; আহমাদ ১/২৩৫; নাসাঈ ১/১৭৩; দারুকুতনী ১/৫১ নং ৩; বাগাবী, শারহুস সুন্নাহ ২/২৭ নং ২৫৯; ইবনু খুযাইমা নং ৯১; হাকিম ১/১৫৯; বাযযার নং ২৫০।- মুহাক্বিক্বের তাহক্বীক্বকৃত মুসনাদুল মাউসিলী নং ২৪১১ নং এর টীকা থেকে।- অনুবাদক ))

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=76134

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন